সবাই এখানে স্বাগতম

# ব্রুকলিন পাব্লিক লাইব্রেরি সংক্রান্ত নির্দেশনা

## লাইব্রেরি কার্ড

লাইব্রেরি কার্ড সকলের জন্য এবং এটি বিনামূল্যে দেওয়া হয়। আপনি বাস্তবিক উপকরণ, ই-বুক ও অডিওবুক ধার নিতে এবং অনলাইন শেখার সংস্থানগুলি অ্যাক্সেস করতে আপনার কার্ড ব্যবহার করতে পারেন। এছাড়াও আপনি একটি কম্পিউটার সংরক্ষণ করতে, প্রিন্ট ও কপি করতে এটি ব্যবহার করতে পারেন। আপনি ব্রুকলিনের আশেপাশের যে কোনো শাখায় আপনার লাইব্রেরি কার্ড ব্যবহার করতে পারেন।

***bklynlibrary.org/use-the-library***

***bklynlibrary.org/locations***

## যে উপকরণগুলি ধার নিতে পারেন

আপনি একবারে ৫০ টি পর্যন্ত বাস্তব আইটেম এবং ২০ টি পর্যন্ত ডাউনলোডযোগ্য টাইটেল (ই-বুক ও অডিওবুক) ধার নিতে পারেন। আপনি তিন সপ্তাহের জন্য বই, ই-বুক, DVD ও CD-গুলি ধার নিতে পারেন। আপনি ম্যাগাজিনগুলি এক সপ্তাহের জন্য ধার নিতে পারেন। আপনি ১৫ টি পর্যন্ত বাস্তব আইটেম নবায়ন করতে পারেন যদি না অন্য কেউ এটার জন্য অপেক্ষা করে থাকেন।

***bklynlibrary.org/borrow***

## উপকরণগুলি সংরক্ষণ করা

আপনি লাইব্রেরিতে গিয়ে বা কল করে, অথবা অনলাইনে আপনার অ্যাকাউন্টে লগ ইন করে যে কোনো জিনিসকে আপনার জন্য নির্দিষ্ট করে রাখতে পারেন। আমরা কোনো ব্রুকলিন পাবলিক লাইব্রেরির শাখাতে বাস্তবিক জিনিসগুলি পাঠিয়ে দেব। আপনার জিনিসটি প্রস্তুত হলে লাইব্রেরি আপনাকে ইমেল, টেক্সট বা কল করবে। আপনাকে সাত দিনের মধ্যে আপনার উপকরণগুলি নিতে হবে।

***bklynlibrary.org/my-account***

## উপকরণ ফিরিয়ে দেওয়া

আপনি যখন ব্যবহারিক জিনিসগুলি চেক আউট করবেন, তখন আপনার রসিদে আপনার উপকরণগুলি ফেরত দেওয়ার চূড়ান্ত তারিখগুলির একটি তালিকা থাকবে। যখন আপনার উপকরণগুলি বকেয়া বা ওভারডিউ হবে, তখন লাইব্রেরি আপনাকে নোটিশও পাঠাবে। এই বিষয়ে ইমেল, টেক্সট বা ফোনে আপনাকে মনে করিয়ে দেওয়া হবে। আপনি *bklynlibrary.org/my-account* এ লগইন করে, যে কোনো সময় আপনার জিনিসগুলি ফেরত দেওয়ার নির্ধারিত তারিখ(গুলি) যাচাই করতে পারেন, এবং সেই সাথে আপনাকে মনে করিয়ে দেওয়ার আপনার পছন্দের উপায়টি আপডেট করতে পারেন

আপনার লাইব্রেরির উপকরণগুলি ব্রুকলিন পাব্লিক লাইব্রেরির যে কোনো শাখাতে কাজের সময়ের মধ্যে ফেরত দিন। অনেক শাখায় বহিঃস্থ বুকড্রপও থাকে, তাই শাখা বন্ধ থাকলেও আপনি উপকরণ ফেরত দিতে পারেন।

***bklynlibrary.org/my-account***

***bklynlibrary.org/locations***

## ফি ও হারিয়ে যাওয়া উপকরণগুলি

আমরা দেরির জন্য দৈনিক জরিমানা চার্জ করি না, তবে জিনিসগুলি ফেরতের নির্ধারিত তারিখের ২৮ দিনের মধ্যে ফেরত না দিলে সেগুলি হারিয়ে যাওয়া বলে বিবেচিত হবে। আপনাকে জিনিসটি প্রতিস্থাপনের জন্য মূল্য চার্জ করা হবে। জিনিসটি ফেরত দেওয়া হলে আমরা চার্জগুলি সরিয়ে নেব।

চার্জগুলি না সরানো পর্যন্ত আপনি আর কোনও বাস্তবিক জিনিস ধার নিতে পারবেন না। আপনি ব্রুকলিন পাব্লিক লাইব্রেরির যে কোনো শাখায় নগদে, ক্রেডিট কার্ডে, বা চেকের মাধ্যমে বা অনলাইনে ক্রেডিট/ডেবিট কার্ডের মাধ্যমে ফি-এর অর্থ দিতে পারেন।

***bklynlibrary.org/fees***

আমাদের লাইব্রেরি সংক্রান্ত নীতির সম্পূর্ণ তালিকার জন্য, অনলাইনে ***bklynlibrary.org/borrow*** এ যান

Bklyn Public Library

## কর্মসূচি

ব্রুকলিন পাবলিক লাইব্রেরি সব বয়সের জন্য বিনামূল্যে বিভিন্ন কর্মসূচির আয়োজন করে।

### প্রাপ্তবয়স্কদের জন্য কর্মসূচি

- ESOL (অন্য ভাষাভাষীদের জন্য ইংরেজি) এবং কথোপকথনের দলের সাথে ইংরেজি শিখুন
- চাকরি এবং কর্মজীবনে সহায়তা
- পড়া ও লেখার ক্লাস
- অভিবাসন সংক্রান্ত আইনি সাহায্য
- কম্পিউটার ক্লাস
- হাই স্কুলের সমতুল্য ক্লাস

### যুব ও পারিবারিক কর্মসূচি

- বহুভাষিক গল্পের সময়
- শিশু, ছোট বাচ্চা এবং স্কুলের বয়সের শিশুদের জন্য পড়া ও শেখার কর্মসূচি
- হোমওয়ার্কে সাহায্য
- সাংস্কৃতিক অনুষ্ঠান
- যুব স্বেচ্ছাসেবার সুযোগগুলি
- কিশোর-কিশোরীদের জন্য প্রযুক্তি সংক্রান্ত কর্মসূচি

***bklynlibrary.org/calendar***

## কর্মী ও পরিষেবা

ব্রুকলিন পাব্লিক লাইব্রেরির কর্মীরা যা করবেন:

- একটি স্বাগতকারী স্থান প্রদান করবেন
- আপনার ব্যক্তিগত তথ্য রক্ষা করবেন
- সকল পৃষ্ঠপোষকদের সাথে ন্যায্য, বিনয়ী এবং সম্মানের সাথে আচরণ করবেন
- সম্পদ এবং তথ্য খুঁজে পেতে সাহায্য করবেন
- বয়স, জাতি, জাতিগত মূল, ধর্ম, লিঙ্গ, অভিবাসন স্থিতি, যৌন পছন্দ, এবং/অথবা শারীরিক সামর্থ্য নির্বিশেষে প্রত্যেককে পরিষেবা প্রদান করবেন




আমাদের লাইব্রেরি সংক্রান্ত নীতির সম্পূর্ণ তালিকার জন্য, ***bklynlibrary.org/policies*** এ যান

## প্রশ্ন ও উত্তর

**আমি কিভাবে আমার অ্যাকাউন্ট অ্যাক্সেস করব?**
আমাদের ওয়েবসাইটে আপনার বারকোড এবং পিন দিয়ে, আমাদের মোবাইল অ্যাপ ব্যবহার করে বা ব্রুকলিন পাব্লিক লাইব্রেরির শাখায় স্ব-চেক কিয়স্কে লগ ইন করুন।




**আমার লাইব্রেরি পিন কী?**
আপনার ডিফল্ট PIN হল আপনার জন্মের তারিখ, মাসের দুটি সংখ্যা আর দিনের  দুটি সংখ্যা সহ। উদাহরণস্বরূপ, আপনার জন্মের তারিখ যদি ১৩ অক্টোবর হয়, তাহলে আপনার ডিফল্ট পাসওয়ার্ড হল ১০১৩।

**আমি কি লাইব্রেরিতে একটি কম্পিউটার ব্যবহার করতে পারি?**
হ্যাঁ, আপনার লাইব্রেরি কার্ড দিয়ে একটি কম্পিউটার সেশন সংরক্ষণ করুন।

**আমি কি প্রিন্ট বা ফটোকপি করতে পারি?**
হ্যাঁ, প্রতিটি সাদা-কালো পৃষ্ঠা করতে $০.১০ এবং প্রতিটি রঙীন পৃষ্ঠা করতে $০.৫০ লাগে। আপনি একটি লাইব্রেরির কম্পিউটার থেকে প্রিন্ট করতে পারেন, অথবা ব্রুকলিন পাব্লিক লাইব্রেরির যে কোনো শাখায় প্রিন্ট পিকআপের জন্য আপনার নিজের ডিভাইস থেকে জিনিস পাঠাতে পারেন। *bklynlibrary.org/print* এ যান

**আপনার কি WiFi আছে?**
হ্যাঁ, আপনি ব্রুকলিন পাব্লিক লাইব্রেরির যে কোনো স্থানে বিনামূল্যে WiFi-এর সাথে সংযোগ করতে পারেন (কোনো লাইব্রেরি কার্ডের প্রয়োজন নেই)। অনেক শাখায় একটি বর্ধিত WiFi সিগন্যাল রয়েছে যাতে আপনি বাইরে বিনামূল্যে WiFi অ্যাক্সেস করতে পারেন।

**আপনাদের উপকরণগুলি কি আমার ভাষাতে পাওয়া যায়?**
আপনি *bklynlibrary.org/catalog* এ আপনার ভাষায় ব্রুকলিন পাব্লিক লাইব্রেরির ক্যাটালগ অনুসন্ধান করুন বা আপনি যে ভাষা খুঁজছেন সেটি নির্বাচন করুন

**আমি কিভাবে একটি কর্মসূচি সম্পর্কে জানতে পারি?**
সাহায্যের জন্য একজন কর্মীকে জিজ্ঞাসা করুন বা *bklynlibrary.org/calendar* এ যান

**একটি লাইব্রেরি কার্ডের মেয়াদ শেষ হয় কি?**
হ্যাঁ, আপনাকে পর্যাবৃত্তভাবে নবায়ন করতে হবে।  *bklynlibrary.org/renew* এ যান

**আমি আমার লাইব্রেরি কার্ড হারিয়ে ফেললে কি হবে?**
আপনার স্থানীয় লাইব্রেরিতে কল করে বা সেখানে গিয়ে একজন কর্মীকে তা জানান, অথবা *bklynlibrary.org/contact* এ যান

Bklyn Public Library